

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 13-11-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার অঙ্গ হিসেবে রাজ্যে গতকাল রাত আটটা পর্যন্ত প্রায় ৭ কোটি এনুমারেশন ফর্ম বিতরণ করা হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

মুখ্য নির্বাচনী আধিকারিক গতরাতে ভারুয়ালি নির্বাচনের কাজে যুক্ত আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন।

২) প্রাথমিকে ৩২ হাজার চাকরী বাতিল সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ রায় দান স্থগিত রেখেছে।

৩) জঙ্গি যোগ সন্দেহে এ রাজ্যের দুটি জায়গায় তল্লাশি চালিয়েছে এন আই এ।

৪) ৩১-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আজই শেষদিন।

৫) ইডেনে ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে সিরিজের প্রথম ক্রিকেট টেস্ট আগামীকাল শুরু হচ্ছে। গোটা এলাকায় কঠোর নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।

৬) উত্তর থেকে দক্ষিণ, রাজ্যের সব জেলাতেই শীতের আমেজ অনুভূত হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী এস আই আর-এর জন্য রাজ্যজুড়ে গতকাল রাত আটটা পর্যন্ত প্রায় ৭ কোটি এনুমারেশন ফর্ম বিতরণ করা হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। চলতি মাসের চার তারিখ থেকে এখনও পর্যন্ত ১২-টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে মোট ৩৭ কোটি এনুমারেশন ফর্ম বিতরণ করা হয়েছে বলে জানিয়েছে কমিশন। উত্তরপ্রদেশের সর্বাধিক ১০ কোটি ৮০ লক্ষ ফর্ম বিলি করা হয়েছে।

আমাদের সংবাদদাতা জানিয়েছেন, গতরাত মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল, ERO, AERO সহ নির্বাচনের কাজে যুক্ত আধিকারিকদের সঙ্গে ভারুয়ালী বৈঠক করেন।

সব আবেদনপত্র এখনও কেন বিলি হল না, সমস্যা কোথায় ইত্যাদি বিষয়ে জানতেই ছিল এই বৈঠক। মুখ্য নির্বাচনী আধিকারিক বলেন, কিছু জায়গায় ফর্ম পাঠানো হলেও, ভোটারকে খুঁজে পাওয়া যাচ্ছে না। কমিশনের লক্ষ্য ছিল, বুধবারের মধ্যে অন্তত ফর্ম বিলির কাজ শেষ করে ফেলা। মোট বিলির সংখ্যা কিছুটা বাড়লেও, এখন দৈনিক বিলির সংখ্যা তুলনায় কমেছে।

এদিকে, মৃত ভোটারের নামে এনুমারেশন ফর্ম জমা পড়লে নির্বাচন কমিশন, সংশ্লিষ্ট পরিবারের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেবে বলে স্পষ্ট জানিয়েছে। কমিশনের নির্দেশ অনুযায়ী, মৃত ব্যক্তির নামে ফর্ম পূরণ করা হলে যার স্বাক্ষর পাওয়া যাবে, জন প্রতিনিধিত্ব আইনের ৩২ নম্বর ধারা অনুযায়ী তার এক বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। রাজ্যে বর্তমান ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন প্রক্রিয়ায়

জনপ্রতিনিধিত্ব আইন কঠোরভাবে প্রয়োগ করতে হবে বলেও কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে নির্দেশ দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস, SIR প্রক্রিয়ায় জোর করে মৃত ভোটারদের নাম তালিকায় রাখতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, তৃণমূল কংগ্রেসের BLA-রা বিভিন্ন এলাকায় মৃত ভোটারদের নাম বাদ না দেওয়ার জন্য BLO-দের ওপর চাপ সৃষ্টি করেছে।

এদিকে, একই নাম একাধিকবার তালিকায় থাকা সহ একাধিক অনিয়ম এবং বিজেপি কর্মীদের ওপর হামলার অভিযোগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করেন। পাঁচটি লোকসভা কেন্দ্রের তথ্য সম্বলিত পেন ড্রাইভ ও হার্ড কপি, নির্বাচন কমিশনে জমা দেওয়া হয়েছে বলে এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাথমিকে ৩২ হাজার চাকরী বাতিল সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ রায় দান স্থগিত রেখেছে। দীর্ঘ ছ'মাস ধরে এই মামলার শুনানি চলছে। বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ গতকাল মামলার অন্তিম শুনানিতে প্রাথমিক শিক্ষা পর্ষদের তরফে দাবি করা হয় দুর্নীতির অভিযোগের স্বপক্ষে কোনো প্রমাণ, মামলাকারীরা দিতে পারেননি। যদিও মামলাকারীদের পক্ষের আইনজীবী, একে প্রাতিষ্ঠানিক দুর্নীতি বলে ফের উল্লেখ করেন।

চলতি বছরের ২৮শে এপ্রিল প্রাথমিকের ৩২ হাজার চাকরি বাতিল মামলার শুনানি, ডিভিশন বেঞ্চে শুরু হয়েছিল। রাজ্যের তরফেও দুর্নীতির অভিযোগ সম্পূর্ণ মিথ্যা বলে আদালতে জানানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় অভিজ্ঞতার নিরিখে অতিরিক্ত ১০ নম্বর দেওয়া সংক্রান্ত মামলায় আপাতত কোন নিষ্পত্তি হয়নি কলকাতা হাইকোর্টে। বিচারপতি অমৃতা সিনহা গতকাল জানিয়েছেন, বর্তমানে এই মামলা সুপ্রিমকোর্টে বিচারাধীন। ২৬ নভেম্বর তার শুনানি। শীর্ষ আদালত কি নির্দেশ দেয়, তা দেখার পরই হাইকোর্টে মামলার শুনানি হবে বলে বিচারপতি সিনহা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

এসএসসি নিয়োগ দুর্নীতিতে সিবিআই-এর মামলায় জামিনের আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন স্কুল সার্ভিস কমিশনের প্রাক্তন সচিব ও নিয়োগ সংক্রান্ত উপদেষ্টা কমিটির সদস্য অশোক কুমার সাহা। তথ্য লুকোনো ও কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার প্রশ্নে বিভ্রান্তিকর উত্তর দেওয়ার অভিযোগে তাকে গ্রেফতার করে সিবিআই। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে আগামী সপ্তাহে মামলার শুনানি হতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০

জঙ্গি যোগ সন্দেহে এরাাজ্যের দুটি জায়গায় গতকাল তল্লাশি চালিয়েছে এন আই এ। মূর্শিদাবাদের নবগ্রামের নিম গ্রামের বাসিন্দা মৈনুল হাসানের বাড়িতে গতকাল সকাল থেকে অভিযান চালায় তদন্তকারী আধিকারিকরা। মৈনুল দিল্লি-মুম্বাই-এ পরিযায়ী শ্রমিকের কাজ করতো। জঙ্গি সংগঠনের সদস্যদের সঙ্গে ফোনে তার যোগাযোগ হয়েছিল বলে অভিযোগ।

এদিকে, শিলিগুড়ির মাটিগাড়া পাথরঘাটার বাসিন্দা এক ব্যক্তিকেও এন আই এ আধিকারিকরা জিজ্ঞাসাবাদ করেছেন বলে সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০

৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আজই শেষ দিন। পুরস্কার বিতরণী অনুষ্ঠান হবে বিকেলে রবীন্দ্রসদনে। এবারের উৎসবে ৩৯টি দেশের ২১৫টি ছবি প্রদর্শিত হয় ২১টি প্রেক্ষাগৃহে।

(একটি প্রতিবেদন-ভিসি অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিল্যাকে অপহরণ ও খুনের ঘটনায় আরও একজনকে গ্রেফতার করেছে পুলিশ। সজল সরকার নামে ওই ব্যক্তিকে গতকাল শিলিগুড়ি থেকে গ্রেফতার করে বিধাননগর দক্ষিণ থানার পুলিশ। এই নিয়ে এই ঘটনায় তিনজনকে ধরা হলো। এর আগে রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মনের গাড়ির চালক রাজু ঢালি ও প্রশান্তের ঘনিষ্ঠ বন্ধু তুফান থাপাকে গ্রেফতার করা হয়েছিল। তাদের জেরা করে সজলের সন্ধান মেলে।

উল্লেখ্য, পশ্চিম মেদিনীপুরের দিলমাটিয়া গ্রামের বাসিন্দা, স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিল্যাকে গত ২৮-শে অক্টোবর দত্তাবাদের সোনার দোকান থেকে বিডিও প্রশান্ত বর্মণ ও তার সঙ্গীরা অপহরণ করে বলে অভিযোগ। ৩০-শে অক্টোবর যাত্রাগাছির খালে ওই স্বর্ণ ব্যবসায়ীর দেহ পাওয়া যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ঝাড়গ্রামের বেলপাহাড়িতে ৩২ বছর আগে ৬ সি পি আই এম কর্মীকে খুনের ঘটনায় ৪৫ জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে জেলা আদালত। গত ১০-ই নভেম্বর অভিযুক্তদের দোষী সাব্যস্ত করেন বিচারক। ১৯৯৩ সালের ৮-ই মে দিয়াসী গ্রাম

লাগোয়া জঙ্গলে ওই ৬ জনকে অপহরণের পর ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করা হয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০

রক্ষণাবেক্ষনের কাজের জন্য আজ রাত ১১ টা ৪৫ মিনিট থেকে আগামীকাল (14.11.2025) ভোর সাড়ে তিনটে পর্যন্ত মোট ২২৫ মিনিট শিয়ালদা ও বিধাননগর স্টেশনের মধ্যে এক নম্বর ব্রিজের ৫ নম্বর লাইনে ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকবে। সেই কারণে আজ শিয়ালদা - ডানকুনি লোকাল, ডানকুনি - শিয়ালদা লোকাল, শিয়ালদা - নৈহাটি লোকাল, নৈহাটি - শিয়ালদা লোকাল বাতিল থাকছে। এছাড়া, শান্তিপুর - শিয়ালদা লোকাল আজ ব্যারাকপুর স্টেশনে যাত্রা সংক্ষিপ্ত করবে। আগামীকাল শিয়ালদা - লালগোলা প্যাসেঞ্জার ভোর ৩ টে ৪৫ মিনিটের পরিবর্তে চারটে ১৫ মিনিটে শিয়ালদা থেকে ছাড়বে বলে রেল সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার ইডেন গার্ডেন্সে আগামীকাল ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে সিরিজের প্রথম ট্রিকেট টেস্ট শুরু হচ্ছে। নিরাপত্তার কথা মাথায় রেখে কলকাতা পুলিশ ইডেন সংলগ্ন বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করবে।

(একটি প্রতিবেদন-ভিসি অভিরূপ)

পাশাপাশি বাবুঘাট চত্বরের বাস স্ট্যান্ড অন্য জায়গায় সরিয়ে দেওয়া ছাড়াও ওই দিনগুলিতে খেলার মাঠ সংলগ্ন রাস্তাগুলো দিয়ে চলাচলকারী যাত্রীবাহী বাস অন্য পথে ঘুরিয়ে দেওয়া হবে বলে কলকাতা পুলিশের তরফে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই ভোরের দিকে ভালোই শীত অনুভূত হচ্ছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ১ ডিগ্রি

সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ৩ দশমিক দুই ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে ২.৬ ডিগ্রি কম। রাজ্যের অন্যান্য জায়গাতেও তাপমাত্রা গতকালের মতোই রয়েছে। উত্তরবঙ্গের জেলাগুলিতেও গতকাল সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা কমে ছিল। আবহাওয়া দপ্তরে পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন আগামী কয়েক দিনের তাপমাত্রার বিশেষ হেরফের হবেনা।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo